



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ঢাকা মশক নিবারণী দপ্তর
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ ঢাকা মশক নিবারণী দপ্তরের আগস্ট-২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

- সভাপতি : জনাব মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা
ঢাকা মশক নিবারণী দপ্তর।
- সভার তারিখ ও সময় : ০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি:, সকাল ১০.০০ ঘটিকা।
- সভার স্থান : ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১।
- উপস্থিত কর্মচারীদের তালিকা : **পরিশিষ্ট- “ক”**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন গত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। সম্প্রতি ঢাকা মহানগরীতে ডেঙ্গুর প্রকোপ বাড়ছে এবং ডেঙ্গু রোগির সংখ্যাও ক্রমাগত বাড়ছে। ডেঙ্গুর প্রকোপ হতে নগরবাসীকে রক্ষার জন্য ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে নিয়োজিত মশক কর্মীগণকে আরো বেশি কর্ম তৎপরতা দেখাতে হবে। মশক কর্মীর নিজেদের সুরক্ষার পাশাপাশি ডেঙ্গুর প্রজনন স্থল ধ্বংস/বিনষ্ট করাসহ ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে স্ব স্ব এলাকার অঞ্চলগুলোতে সকলকে কাজ করতে হবে। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য প্রশাসনিক কর্মকর্তাকে (ভারপ্রাপ্ত) আহ্বান জানান।

২। প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জনাব মোঃ জামাল উদ্দিন সভার আলোচ্যসূচি, বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে সংযুক্ত সুপারভাইজার ও ইনসেক্ট কালেক্টরগণ তাদের কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। মশক নিবারণী দপ্তরের হিসাব রক্ষক জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া ও ষ্টোর কিপার জনাব মোঃ গিয়াস উদ্দিন আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	বিগত মাসিক সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ	সভার প্রারম্ভে গত জুলাই মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মচারী জানান যে কোনরূপ সংশোধনের প্রয়োজন নেই।	কোন সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।	ঢাকা মশক নিবারণী দপ্তর

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২।	বিগত মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা বাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।	ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বিভিন্ন অঞ্চলে সংযুক্ত এ দপ্তরের সুপারভাইজারগণ বলেন গত মাসিক সভার সিদ্ধান্ত যথাযথভাবে পালন করা হচ্ছে। মশক নিধন কার্যক্রম আরও গতিশীল করার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী কাজ করার বিষয়ে আলোচনা করা হয়।	(ক) সকাল ৮.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত লার্ভিসাইড প্রয়োগ করতে হবে; (খ) সকল ডেনের পানি প্রবাহ সচল রাখতে হবে; (গ) বাড়ীতে বাড়ীতে গিয়ে মশার প্রজনন কেন্দ্র ধ্বংস করতে হবে; (ঘ) একদিন পর পর কীটনাশক প্রয়োগের স্থানে লার্ভার বংশ বিস্তার হচ্ছে কিনা তা পরীক্ষা করতে হবে; (ঙ) বিকাল বেলা ফগিং মেশিন দ্বারা কীটনাশক-কে ধুমায়িত করে এডাল্ট/উড়ন্ত মশা নিধন করতে হবে; (চ) “ক্রু”-দের কাজের সার্বক্ষণিক তদারকি করতে হবে। প্রয়োজনে তাদের সাথে থেকে মশক নিধন কাজকে ত্বরান্বিত করতে হবে; (ছ) জলাবদ্ধ ড়েন ও জলাশয়ে নিয়মিতভাবে চামুচ মেরে (লার্ভা পরীক্ষার লম্বা হাতলযুক্ত চামুচ) লার্ভা আছে কিনা তা পরীক্ষা করতে হবে এবং উদ্ধর্তন কর্তৃপক্ষকে রিপোর্ট করতে হবে; (জ) যেখানে মশার লার্ভা পাওয়া যাবে সাথে সাথে সংশ্লিষ্ট সুপারভাইজারগণ-কে অবহিত করতে হবে;	সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রু
৩।	বিবেচ্য পত্রাদি আলোচ্য	আগস্ট/২০২২ মাসের পত্র প্রাপ্তি ৯৮	পত্র জারি ৩৪	পেন্ডিং পত্র ০
			সচিবালয় নির্দেশমালা- ২০১৪ এর আলোকে পত্রাদি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। পত্র প্রাপ্তি, পত্র জারি পেন্ডিং পত্রের হিসাবের বিস্তারিত প্রতিবেদন ছক আকারে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	১। প্রশাসনিক কর্মকতা

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪।	শূন্য পদ পূরণ	ঢাকা মশক নিবারণী দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী অনুমোদিত পদ সংখ্যা মোট ৩৯৬ টি। উক্ত পদের মধ্যে বর্তমানে মোট ২৪৫ জন কর্মরত আছেন এবং ১৫১ টি পদ শূন্য রয়েছে। কমরত কর্মচারীদের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে সংযুক্ত রয়েছে ১১১ জন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে সংযুক্ত রয়েছে ১২১ জন এবং দপ্তরে ১৩ জন কর্মরত আছে মর্মে আলোচনা করা হয়।	ঢাকা মশক নিবারণী দপ্তরের শূন্য পদগুলো পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ছাড়পত্র প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বরাবর পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসনিক কর্মকর্তা
৫।	পদোন্নতি সংক্রান্ত	ঢাকা মশক নিবারণী দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী সুপারভাইজারের ১০(দশ)টি পদ এবং ইনসেক্ট কালেক্টরের ০১ (এক)টি পদ শূন্য রয়েছে। উক্ত পদগুলো পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য মর্মে সভায় আলোচনা করা হয়।	পদোন্নতি যোগ্য প্রার্থীদের জ্যেষ্ঠতার তালিকা তৈরী করে পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। প্রশাসনিক কর্মকর্তা ২। হিসাবরক্ষক ৩। স্টোর কিপার
৬।	মামলা পরিচালনা সংক্রান্ত	ঢাকা মশক নিবারণী দপ্তরের চাকরিচ্যুত ও সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ কর্তৃক ঢাকার বিভিন্ন আদালতে দায়েরকৃত রিট/এটি/আপীল মামলা মোট ১১ (এগার) টি চলমান রয়েছে। এ মামলাগুলো সরকার পক্ষে পরিচালার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।	সরকার পক্ষে নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী-কে মামলার সহায়ক কাগজপত্রাদি সরবরাহসহ আদালত কর্তৃক ধার্যকৃত সময় ও তারিখে উপস্থিত থেকে মামলার সর্বশেষ অবস্থা দপ্তরকে অবহিত করতে হবে।	১। প্রশাসনিক কর্মকর্তা ২। স্টোর কিপার
৭।	গ্রীষ্মকালীন সাজ-পোশাক প্রদান	ঢাকা মশক নিবারণী দপ্তরের ৪র্থ শ্রেণির কর্মচারীদের গ্রীষ্মকালীন সাজ পোশাক প্রদানের নিমিত্ত ২১৪ (দুইশত চৌদ্দ) জন কর্মচারীর প্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়েছে। এ কর্মচারীদের সাজ-পোশাক প্রদানের প্রয়োজনীয় অর্থ ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ রয়েছে। সাজ পোশাক প্রাপ্য কর্মচারীদে সাজ-পোশাকের মাপ নির্ধারিত ছক আকারে সংগ্রহ করতে হবে।	ঢাকা মশক নিবারণী দপ্তরের ৪র্থ শ্রেণির কর্মচারীদের গ্রীষ্মকালীন সাজ পোশাক প্রদানের নিমিত্ত সাজ পোশাকের মাপ সংগ্রহ করতে হবে।	১। প্রশাসনিক কর্মকর্তা ২। স্টোর কিপার

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ১৫ (পনের) জন কর্মচারী ফেরত প্রদান সংক্রান্ত	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের স্মারক নং ৪৬.২০৭.০০০.০৩.০৩.২৪২৬.২০০৭-৬৭৫, তারিখ: ৩১-০৮-২০২২ খ্রিঃ মূলে ১৫ (পনের) জন ক্রু, ইনসেক্ট কালেক্টর ও মশক সুপারভাইজারদের মূল কর্মস্থল ঢাকা মশক নিবারণী দপ্তরে ফেরত প্রদান করা হয়েছে। ফলে তারা কর্মহীন ও বেকার হয়ে মনোবল হারাচ্ছেন এবং কর্মচারীদের মধ্যে চরম হতাশা ও ক্ষোভ বিরাজ করছে। তাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়।	এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে অবহিত করা হবে এবং স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	ঢাকা মশক নিবারণী দপ্তর
৯।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো	i) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো (NIS) বিষয়ে প্রতি মাসে সকল স্টাফদের নিয়ে সভা করার কথা আলোচনা হয়। ii) ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর অগ্রগতি বিষয়ে নৈতিকতা কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে অর্জনের সপক্ষে যথাযথ প্রমাণকসহ প্রতিবেদন প্রদান করবে হবে মর্মে আলোচনা হয়। iii) অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো (National Integrity Strategy) (NIS) প্রণয়নের জন্য প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।	i) ঢাকা মশক নিবারণী দপ্তরে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর প্রতিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমাণকসহ নির্ধারিত ছকে স্বাক্ষরিত প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ii) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	নৈতিকতা কমিটি

৩। পরিশেষে সভাপতি ঢাকা মশক নিবারণী দপ্তরের সার্বিক কার্যক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল পর্যায়ের কর্মচারীগণকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য পরামর্শ প্রদান করেন। অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 ০৭.০২.২০২২
 মোহাম্মদ শামছুল ইসলাম
 উপসচিব
 ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
 ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
 ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.০৬.০০২.২২- ৫২৮/১ (২০)

তারিখঃ ২৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- ৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-----, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-----, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৮। সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রু (সকল), অঞ্চল-----, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৯। হিসাব রক্ষক, ঢাকা মশক নিবারণী দপ্তর।
- ১০। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১১। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
- ১২। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।


০৯/০৯/২০২২

মোঃ জামাল উদ্দিন
প্রশাসনিক কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭